## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে ভাদ্র বুধবার ১৩৬৭ ইংরাজী 7th Sept. 1960 { ১৬শ সংখ্যা






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে ভাদ্র বুধবার সন ১৩৬১ সাল।

# "যে মাটিতে পড়ে লোক তাই ধরে ওঠে।"

## পশ্চিমবঙ্গ অগ্রগামী মহিলা সমিতি আসামের অত্যাচারের প্রতিবাদে স্মারকলিপি পেশের জন্য দিল্লী যাত্রা

—০—

আসামে বাঙালীদের উপর নির্ম্মম অত্যাচারের প্রতিবাদে ভারতের প্রধান মন্ত্রী শ্রীনেহরুর অবিলম্বে হস্তক্ষেপ দাবী করিয়া পশ্চিম বঙ্গ অগ্রগামী মহিলা সমিতির পক্ষ হইতে নিম্নলিখিত স্মারকলিপি পেশ করা হইবে। পশ্চিম বঙ্গের বিশ সহস্র মহিলা এই স্মারকলিপিতে সহি করিয়াছেন। পশ্চিম বঙ্গের অগ্রগামী মহিলা সমিতির সভানেত্রী শ্রীস্নেহলতা ঘোষ, সম্পাদিকা শ্রীঅপরাজিতা গোপ্পী সহ পাঁচ-জনের একটি প্রতিনিধি দল লোকসভায় আসাম প্রসঙ্গে আলোচনাকালীন প্রধান মন্ত্রী শ্রীনেহরুর সহিত সাক্ষাৎ করিয়া নিম্নলিখিত স্মারকলিপিটি পেশ করিবার জন্য ২৯শে আগষ্ট দিল্লী রওনা হইয়াছেন।

### স্মারকলিপি

ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরুর সমীপে

মাননীয় প্রধান মন্ত্রী,

আজ আমরা আপনার কাছে বিচারপ্রার্থী। আমরা মনে করি, স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্রে আপনি একমাত্র সেই পুরুষ—যে হতভাগ্য বাঙালী নারীদের পাশে এসে দাঁড়িয়ে তাদের নারীত্বের অবমাননার সমুচিত জবাব দিতে পারেন। আপনি আজ ৪০ কোটি ভারতীয়ের ভাগ্যবিধাতা। আপনি যদি আজ আমাদের প্রার্থনা শোনেন, আপনার কাছে যদি আমরা নিরপেক্ষ বিচার না পাই, তবে বলুন, আমরা কা'র কাছে যাব? আজ আসামে ভাষাকে কেন্দ্র করে বাঙালী নারীত্বের যে চরম লাঞ্ছনা অনুষ্ঠিত হয়েছে, সভ্যজগৎ তাতে স্তম্ভিত এবং হতবাক। বিংশ শতাব্দীর যুগে আদিম বর্ব্বরতার যে নিদর্শন আসামের মাটিতে বাঙালী নারীর রক্তে রচিত হল একি ভারতের কলঙ্ক নয়? আপনি ভারতের মহান নেতা। ভারতের নারী জাতির জীবন ও মর্য্যাদা রক্ষার দায়িত্ব কি আপনার নয়? কিন্তু আপনি কি বলতে পারেন আজ আসামের মাটিতে বাঙালীদের যে ভাবে হত্যা করা হয়েছে, নারীদের প্রকাশ্য দিবালোকে যেভাবে দুবৃত্তরা লাঞ্ছিত করেছে, সে কি শুধু তারা বাঙালী এই অপরাধে? অনেক আশা এবং ধৈর্য্য নিয়ে আমরা আপনার উপর আস্থা রেখেছিলাম, কিন্তু আজ আমরা আমাদের ধৈর্য্য হারিয়ে ফেলেছি বলে আমাদের ক্ষমা করবেন। আজ দীর্ঘদিন ধ'রে আসামে যে বর্ব্বরোচিত ঘটনা ঘটেছে এবং এখনও ঘটছে, তার প্রতিকার কোথায়? যে দুর্বৃত্ত এবং গুণ্ডারা নারীর সতীত্ব নিয়ে আসামের পথে পথে ছিনিমিনি খেলেছে, নিষ্পাপ শিশুকে গলা টিপে হত্যা করেছে, তাদের একজনকেও কি আসাম সরকার শাস্তি দিয়েছেন? তাদের একজনকেও কি আপনার দরবারে আসামীর কাঠগড়ায় দাঁড় করান হয়েছে? একজন গুণ্ডাকেও কি সেখানে কঠোর হস্তে দমন করা হয়েছে? আমাদের দাবী, নিছক ভাষার অজুহাতে সেখানে সুপরিকল্পিতভাবে যে সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টি হয়েছে, তার তদন্ত হোক। আজ আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, কেন্দ্রীয় নেতৃবর্গ আসামের এই বীভৎস হত্যাকাণ্ডকে অত্যন্ত লঘু ক'রে দেখেছেন এবং এর জন্য বাঙালী জাতিকেই দায়ী করছেন। এই দাঙ্গার কারণ হিসাবে তাঁরা বলছেন, বাঙালী আজ সেখানকার অর্থ-নৈতিক শক্তির ধারক এবং বাহক হ'য়ে আসামীদের শোষণ করছে এবং তারই প্রতিক্রিয়ায় এই দাঙ্গার সৃষ্টি। অন্যের সমালোচনায় আমরা কান দেই না। আমরা আপনার কাছেই জানতে চাই, ইতিহাস কি এই কথাই বলে? ভারতের স্বাধীনতার সংগ্রামে বাঙালী কি তার রক্ত দেয়নি? শুধু তাই নয়, ভারতের স্বাধীনতার জন্য বাঙালীই প্রথম তার নিজের দেশকে বলি দিয়েছে সমস্ত জাতির মুখের দিকে তাকিয়ে। বাঙালী ভারতের জাতীয় ঐক্যে বিশ্বাসী। তা না হলে আসামের দাঙ্গার প্রত্যুত্তর তারা অ-বাঙালী নিধনের মধ্যে দিয়েই দিতে পারত। তাদের নিজেদের মা-বোনের রক্তের শোধ তারা রক্ত দিয়েই দিতে পারত, কিন্তু এ নীতিতে তারা বিশ্বাসী নয়। বাঙালী সাম্প্রদায়িকতাকে অত্যন্ত ঘৃণা করে। যে দেশে বিশ্বপ্রেমিক রবীন্দ্রনাথের জন্ম, যে দেশে স্বামী বিবেকানন্দ, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ এবং নেতাজী সুভাষের জন্ম, সে দেশ কোনদিনও ভাইয়ের বুকে ছুরি চালিয়ে জাতীয় ঐক্যকে বিনষ্ট করতে শেখেনি তাই হে ভারতের মহান্ এবং প্রিয় নেতা বাংলার নারী জাতি আপনার কাছে আজ বিচারপ্রার্থী। যে আসাম সরকার নারীদের সম্মান রক্ষার্থে চূড়ান্তরূপে ব্যর্থ হয়েছে, সে সরকার তার নিরীহ নাগরিকের ধনপ্রাণ রক্ষা করতে গিয়ে গুণ্ডাদের বিরুদ্ধে শক্তি প্রয়োগ করতে দ্বিধা বোধ করেছে, আপনি কি বলবেন, তাদের উপর আস্থা রেখে আবার সবাইকে সেখানে ফিরে যেতে?

কিন্তু আমরা জানি, আপনি হৃদয়বান, আপনার মন নির্য্যাতিত মানুষের প্রতি সহানুভূতিশীল। তাই আপনি হয়ত বুঝবেন, সেখানকার ভস্মীভূত গৃহ পুনরায় নির্ম্মিত হ'তে পারে, লক্ষ লক্ষ টাকা দিয়ে ক্ষতিগ্রস্ত মানুষের সাহায্য হতে পারে, কিন্তু যে নারীর সতীত্ব গিয়েছে, তা কি আর পুনরুদ্ধার হবে? আমরা আজ কল্পনাও করতে পারি না, স্বাধীন ভারতে হাজার হাজার নারীর অবমাননা সত্ত্বেও কি করে আপনি নীরব হয়ে আছেন। কেন আজ আপনার অস্ত্র ভারতের ঐক্য বিনষ্টকারী গুণ্ডাদের বিরুদ্ধে কঠিন হস্তে নেমে আসছে না? তবে কি বুঝব, দিল্লীর দরবারে বাঙালী নারীদের আর্ত্তনাদ পৌছায়নি? তাদের জন্য এখানে দ্বার রুদ্ধ? তবে কি এই কথাই বুঝতে হবে, স্বাধীন ভারতে বাঙালী নারীর সম্মান নিয়ে বাঁচবার কোন অধিকার নেই? ভারতের প্রধান মন্ত্রী আপনি, আপনি এর জবাব দিন। বাংলার সমস্ত নারী জাতির আজ আবেদন শুধু প্রধান মন্ত্রী হিসাবে নয়, ভারতের প্রিয় নেতা হিসাবে আপনি এই জাতীয় সঙ্কটকালে আমাদের পাশে এসে দাঁড়ান এবং জীবন ও মর্য্যাদা রক্ষার মহান্ দায়িত্ব গ্রহণ করুন। এই অন্যায়ের প্রতিকার করে ভারতের জাতীয় ঐক্যকে রক্ষা করুন।

—

## আমাদের নিবেদন

অনিবার্য্য কারণে আমরা গত ১৫ই ভাদ্র ইং ৩১শে আগষ্ট, ১৯৬০ তারিখের "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করিতে পারি নাই। তজ্জন্য আমরা আমাদের গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপনদাতাগণের নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি।

---

## রঘুনাথগঞ্জ শ্মশান ঘাটে অব্যবস্থা

কিছুদিন হইতে রঘুনাথগঞ্জ শ্মশান ঘাটের ইজারদারের অব্যবস্থা সম্বন্ধে অভিযোগ শুনা যাইতেছে। শবদাহের উপযোগী শুষ্ক কাঠ, চিতা ধরাবার জন্য খড় বা পাটকাঠি থাকে না। ঘাটের মাশুল ও কাঠের দাম আদায়ের ব্যবস্থা পুরাদস্তুর আছে। ঘাটের মাশুল ও কাঠের দাম পূর্ব্বাপেক্ষা বহু পরিমাণে বৃদ্ধি হওয়ায় লোকে তাহা বহন করিয়াও যদি কাঠ না পায় তবে কি করিবে? ইহাকেই বলে—'নায়ে কড়ি দিয়ে ডুবে পার হওয়া।'

---

## প্রেস রেজিষ্ট্রারের নূতন অফিসের ঠিকানা

ভারতীয় সংবাদপত্রসমূহের প্রেস রেজিষ্ট্রারের সদর অফিস এবং নিউজপ্রিন্ট সেল উদ্যোগ ভবন, মৌলানা আজাদ রোড, নয়াদিল্লী—এই ঠিকানাতে উঠিয়া গিয়াছে। ২২শে আগষ্ট হইতে নূতন অফিসে কাজ আরম্ভ হইয়াছে।

## উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর পরীক্ষা

ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন দেশের সকল অনুমোদিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর পরীক্ষাকে ম্যাট্রিকুলেশনের সমান ধরিয়া ঐ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কমিশনের পরীক্ষা দিতে অনুমতি দেওয়ার সিদ্ধান্ত করিয়াছেন। জাতীয় প্রতিরক্ষা আকাদেমীতে প্রার্থী নির্ব্বাচনের জন্য আগামী ডিসেম্বর মাসে যে পরীক্ষা গৃহীত হইবে উহাতেও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর পরীক্ষা ম্যাট্রিকুলেশনের সমান বলিয়া বিবেচিত হইবে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## ষ্টেট ব্যাঙ্কে গহনা বন্ধক

ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখায় সোনার গহনা বন্ধক রাখিয়া টাকা দিবার ব্যবস্থা আছে। সুদের হার ৫০৲ টাকা হইতে ৯৫৲ টাকা পর্য্যন্ত বাৎসরিক ৭৷৹%, ১০০৲ টাকা হইতে ৪৯৫৲ টাকা পর্য্যন্ত বাৎসরিক ৬৷৹% এবং ৫০০৲ টাকা বা তার উর্দ্ধে বাৎসরিক ৫৷৹%

---

## প্রবীণ উকিলের পরলোক

গত ১৩ই ভাদ্র বৃহস্পতিবার সন্ধ্যায় জঙ্গিপুর বারের অবসরপ্রাপ্ত প্রবীণ উকিল শরৎচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় পরলোক গমন করিয়াছেন। তাঁহার বয়স ৮৪ বৎসর হইয়াছিল। তিনি মিষ্ট-ভাষী সদালাপী ব্যক্তি ছিলেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## সরকারী বিজ্ঞপ্তি

যে সকল ব্যক্তি মোটর গাড়ীর (ট্যাক্সির) পাব্লিক ক্যারিয়ার ও কনট্রাক্ট ক্যারেজের পারমিটের জন্য এবং সেই সঙ্গে মোটর গাড়ীর কনট্রাক্ট ক্যারেজ পারমিট, ষ্টেজ ক্যারেজ পারমিট ও পাব্লিক ক্যারিয়ার পারমিট রিনিউ করিবার জন্য দরখাস্ত করিয়াছেন, তাঁহাদিগের নামের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিসে নোটিশ বোর্ডে এবং সেইসঙ্গে জেলার প্রত্যন্তবর্তী মহকুমা অফিসারদের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন বক্তব্য থাকিলে তাহা নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করিতে হইবে। আবেদন এবং বক্তব্যগুলি বিবেচনার দিন, সময় ও স্থান যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানানো হইবে। স্বাঃ পি, কে, দে মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের সেক্রেটারি।

---

## বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য মধ্যাহ্ন আহার

সম্প্রতি বিদ্যালয় স্বাস্থ্য কমিটি উহার অন্তর্বর্ত্তী-কালীন রিপোর্ট সরকারের নিকট দাখিল করিয়াছেন। উহাতে বিদ্যালয়ে স্বাস্থ্য কার্য্যসূচীর অঙ্গ হিসাবে সকল ছাত্রছাত্রীকে মধ্যাহ্নকালে খাদ্যদ্রব্য সরবরাহের সুপারিশ করা হইয়াছে। কমিটির হিসাবমত ঐজন্য মোট ১৪৪ কোটি টাকা ব্যয় হইবে। উহার অর্দ্ধাংশ ভারত সরকারের খাদ্য ও কৃষি, সমষ্টি উন্নয়ন ও সমবায়, শিক্ষা এবং স্বাস্থ্য মন্ত্রণালয় সমানভাবে প্রদান করিবেন। অবশিষ্ট অর্থ ছাত্রছাত্রীদের অভিভাবক, সমাজ, স্থানীয় জনসংস্থা, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও রাজ্য সরকার-সমূহের নিকট হইতে আদায় করা যাইতে পারে।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১২ই সেপ্টেম্বর ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৪০ খাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সৌরেন্দ্রমোহন মুখোপাধ্যায় দিং দাবি ১০৭ টাঃ ২৫ নং পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ৬-৪৭ শতকের কাত ১২৷৶০ তন্মধ্যে দেন্দারগণের ৬৮৷০ শতকের কাত ১।/০ আঃ ৫০৲ খং ১৮২ রায়ত স্থিতিবান আদালত মূল্য ১০০৲

১৯৬০ সালের ডিক্রীজারী

৫২ মনি ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং সর্ব্বমঙ্গলা দেবী দাবি ২৮৭ টাকা ৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা জামুয়ার ১-৪৯ শতকের কাত ৫।৵০ আঃ ৪০০৲ খং ৪৩

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৯শে সেপ্টেম্বর ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৩৬ মনি ডিঃ বেলুইপাড়া যৌথ ব্যাঙ্কের সেক্রেটারী কাশেম আলি দেং ইসরাইল সেখ দিং দাবি ৫৬৩ টাকা ৬ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে বেলুইপাড়া ১-২৬ শতকের কাত ১০/৯ আঃ ১৫০৲ খং ১৬৭ রায়ত স্থিতিবান ২নং লাট থানা ঐ মৌজে নরসিংহপুর ৫।০ বিঘা জমির কাত ৮।১৫ আঃ ১৫০৲ ঐ স্বত্ব

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।